

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩৫.২০১৬- ৬৭

তারিখ : ২৭/০৪/২০১৬ খ্রিঃ

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'সবার জন্য বাসস্থান' কর্মসূচি বাস্তবায়ন।

সূত্রঃ ০১। আশ্রয়ণ প্রকল্পের স্মারক নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩৫.২০১৬--৪০, তারিখ-১৯/০৪/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৫/০৩/২০১৬ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আগামী ২ বছর ৮ মাস সময়ের মধ্যে দেশের ২.৮ লক্ষ গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

(খ) আগামী ২ বছর ৮ মাস সময়ের মধ্যে দেশের সকল গৃহহীন পরিবারের জন্য গৃহের ব্যবস্থা করতে হবে। এ সময়ে (১) গুচ্ছগ্রাম প্রকল্প ৫০,০০০ (২) গৃহায়ন তহবিল ২০,০০০ (৩) আশ্রয়ণ-২ প্রকল্প ২,১০,০০০ পরিবার পুনর্বাসিত করবে।

(গ) উপকারভোগীদের তালিকা পূর্বেই প্রস্তুত করে রাখতে হবে।

(ঙ) নদী ভাঙ্গন এলাকায় টিনের ঘর তৈরী করে দিতে হবে যাতে নদী ভাঙ্গনের সময় ঘর সরিয়ে নেয়া সম্ভব হয়।


(জ) বর্তমান সরকার কর্তৃক গৃহীত জনকল্যাণমুখী প্রকল্পসমূহ জনগণকে কার্যকরভাবে অবহিত করতে হবে।

(ঝ) জনকল্যাণমুখী সরকারী প্রকল্পসমূহের কারণে মানুষ যেন অলস না হয়ে যায়, কর্মস্পৃহা হারিয়ে না ফেলে সেদিকে লক্ষ্য রাখতে হবে। প্রতিটি মানুষ যেন আত্ম-মর্যাদা সম্পন্ন ও আত্ম-নির্ভরশীল নাগরিক হিসেবে গড়ে উঠে তা নিশ্চিত করতে হবে।

০২। দেশের একটি পরিবারও গৃহহীন থাকবে না মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে একটি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সকল জেলা প্রশাসককে উপজেলাভিত্তিক গৃহহীন ও ভূমিহীন পরিবারের তথ্য ১২/০৯/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে, জেলা প্রশাসকগণ তাঁদের জেলার গৃহহীনদের তালিকা প্রেরণ না করে কেবল সংখ্যা প্রেরণ করেছেন। এ অবস্থায় সূত্রে বর্ণিত পত্রে ৫ মে তারিখের মধ্যে তালিকা প্রেরণের জন্য তাঁদের অনুরোধ করা হয়। কিন্তু গৃহহীন পরিবারের নাম ঠিকানা ভোটার আইডি ছবি ইত্যাদি তথ্য সহ কোন তালিকা প্রেরণ করেননি। এছাড়া অতি দ্রুততার সাথে গৃহহীনদের তালিকা প্রণয়ন করার কারণে তা যথাযথভাবে যাচাই-বাছাই করা সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়। প্রণীত তালিকাটি কোন উন্মুক্ত স্থানে প্রয়োজনে বাড়ি বাড়ি গিয়ে স্থানীয় স্কাউট সদস্যদের সহায়তায় যাচাই-বাছাই করার বিষয়ে মুখ্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৩। বর্ণিতাবস্থায়, উপজেলা ও জেলা পর্যায়ে হতে ইতোপূর্বে প্রেরিত সমসংখ্যক গৃহহীনের তালিকা স্থানীয় স্কাউট সদস্যদের দ্বারা যাচাই-বাছাই করে দেয়ার বিষয়ে স্থানীয় স্কাউট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে সবিনয় অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।


(মোঃ জাহিরুল হক)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
☎ঃ ৯১২৪১০০

প্রধান জাতীয় কমিশনার

বাংলাদেশ স্কাউট।

অনুলিপিঃ

০১। বিভাগীয় কমিশনার(সকল)

-----বিভাগ।

০২। জেলা প্রশাসক (সকল)

-----জেলা।

০৩। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

০৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল)

-----উপজেলা।

০৫। অফিস কপি।

-----উপজেলা।

০৬। অফিস কপি।